

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২২.১২ - ২৬-৭

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৪
২২ অক্টোবর ২০১৭

আদেশ

যেহেতু, জনাব অগ্রজ কুমার রায়, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট (প্রাক্তন সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ভোলা)-এর বিরুদ্ধে -এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি অধিকতর তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং তিনি ২য় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের স্বপক্ষে যথাযথ প্রমাণাদি পাওয়া যায়নি বা অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব অগ্রজ কুমার রায়, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট (প্রাক্তন সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ভোলা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতি আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

২২/১০/২০১৭

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)


সচিব

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৪
২২ অক্টোবর ২০১৭

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২২.১২ - ২৬-৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জনাব অগ্রজ কুমার রায়, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট।
- ৭। অফিস কপি।


২২/১০/১৭

(সুলতানা রাজিয়া)

সিনিয়র সহকারী সচিব (তঃশৃঃ)

ফোন-৯৫৭৬৬৯১